অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/2/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে আগামী তিন সপ্তাহের জন্য ফেডারেল টীকার সরবরাহ 20 শতাংশ বাড়বে

আজ পর্যন্ত মোট 2 মিলিয়ন টিকা দেওয়া হয়েছে

প্রাইভেট ফার্মেসিগুলি সরাসরি ফেডারেল সরকার থেকে অতিরিক্ত 10% পাবে রাজ্য কর্তৃক তাদের বরাদ্দকৃত ডোজের সম্পূরক হিসেবে

আজ দুপুর পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা বিতরণের সাইটগুলি ফেডারেল সরকারের থেকে প্রাপ্ত ডোজগুলির মধ্যে 91% প্রদান করেছে

টিকার ড্যাশবোর্ড প্রতিদিন আপডেট করা হবে রাজ্যের টিকাকরণ প্রোগ্রাম সম্পর্কে হালনাগাদ প্রদান করতে; ny.gov/vaccinetracker এ যান

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ রাজ্যের টিকাকরণ কর্মসূচী সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদান করেছেন। আজ দুপুর পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্য সেবা বিতরণ সাইটগুলি 1,554,450টি প্রথম ডোজ পেয়েছে এবং ইতিমধ্যেই 91 শতাংশ বা 1,414,241টি টিকার প্রথম ডোজ প্রদান করেছে এবং প্রথম ও দ্বিতীয় ডোজের 76 শতাংশ প্রদান করেছে। ফেডারেল সরকারের সপ্তাহ 8 এর বরাদ্দকরণের বিতরণ এই সপ্তাহের মাঝামাঝি শুরু হবে।

হোয়াইট হাউসের সাথে একটি কলের পর ন্যাশনাল গভর্নরস অ্যাসোসিয়েশনের (National Governors Association) চেয়ারম্যান গভর্নর কুওমো ঘোষণা করেন যে প্রাথমিক 16 শতাংশ বেড়ে আগামী তিন সপ্তাহের জন্য রাজ্যে ফেডারাল সরবরাহ 20 শতাংশ অবধি বৃদ্ধি পাবে। রাজ্যের বেসরকারি ফার্মেসীগুলি যারা 65-এর বেশী বয়সের জনসংখ্যাকে অগ্রাধিকার দেওয়ার জন্য ভারপ্রাপ্ত, তারা এখন অতিরিক্ত 10 শতাংশ বা প্রায় 30,000 ডোজ পাবে, সরাসরি ফেডারেল সরকারের কাছ থেকে, যা রাজ্যের দ্বারা তাদের জন্য বরাদ্দকৃত ডোজের পরিপূরক হবে। রাজ্যের সরবরাহ সামগ্রিকভাবে বৃদ্ধির কথা মাথায় রেখে, গভর্নর এলাকাবাসীদের 1B টীকা অগ্রাধিকার গ্রুপে রেস্টুরেন্ট কর্মী, ট্যাক্সি ড্রাইভার এবং উন্নয়নমূলকভাবে প্রতিবন্ধী সুবিধাগুলিকে যোগ করার নমনীয়তা প্রদান করছেন।

"সমগ্র যোগ্য জনসংখ্যাকে টিকা দেওয়ার জন্য এবং তার সাথে সংক্রমণের হার কম রাখার জন্য আমরা একটি প্রতিযোগিতায় আছি," **গভর্নর কুওমো বলেন।** "আমরা স্বর্গ-মর্ত এক করে ফেলছি যাতে যত বেশি সম্ভব ডোজ প্রদান করা যায়, কিন্তু বৈশ্বিক পর্যায়ে আমরা উচ্চ চাহিদা এবং টিকার অভাব অনুভব করছি। সরবরাহের চেয়ে আমাদের অনেক বেশি বিতরণের প্রয়োজন আছে, এবং যত তাড়াতাড়ি আমরা ফেডারেল সরকারের কাছ থেকে বেশি ডোজ পাবো, আমরা দ্রুত এবং ন্যায্যভাবে নিউ ইয়র্কবাসীদের বাহুগুলিতে শট দিয়ে দিতে পারি, এবং তার সাথে যে সম্প্রদায়গুলি সব চেয়ে বেশি প্রভাবিত তাদের এই টিকার প্রবেশাধিকার এবং এর উপর আস্থা রাখা নিশ্চিত করার কাজ অব্যাহত রাখি। ইতিমধ্যে, আমি নিউ ইয়র্কবাসীদের বুদ্ধিমানট হতে এবং সংক্রমণের হার কম রাখার জন্য যা কাজ করে বলে আমরা জানি, তা অবলম্বন করতে বলি - একটি মুখোশ পরা, হাত ধোয়া এবং সামাজিক দূরত্ব বজায় রাখা।"

1A এলিজিবিলিটি গ্রুপের হাসপাতালের কর্মীদের রাজ্যের জনসংখ্যাতাত্ত্বিক তথ্য, যাদের এই টিকা অফার এবং প্রদান করা হয়েছে, তাদের পরিসংখ্যান নিউ ইয়র্কবাসীদের মধ্যে টিকা নিয়ে দ্বিধা/গ্রহণযোগ্যতার হার সম্পর্কে অন্তর্দৃষ্টি প্রদান করে। যোগ্য 1A জনসংখ্যার জনসংখ্যাতাত্ত্বিক বিশদ তথ্যভাঙ্গন হল 70 শতাংশ সাদা; 17 শতাংশ আফ্রিকান আমেরিকান; 8 শতাংশ হিস্পানিক বা ল্যাটিনো; এবং 11 শতাংশ এশিয়ান হাসপাতালের কর্মী। মোট 1A যোগ্য জনসংখ্যার মধ্যে 63 শতাংশ টিকা প্রাপক শ্বেতাঙ্গ, টিকা প্রাপকদের 10 শতাংশ আফ্রিকান আমেরিকান; টিকা প্রাপকদের 10 শতাংশ হিস্পানিক বা ল্যাটিনো, এবং টীকা প্রাপকদের 16 শতাংশ এশিয়ান।

বর্তমানে আনুমানিক 7.1 মিলিয়ন নিউ ইয়র্কবাসী টিকা পাওয়ার যোগ্য। ফেডারেল সরকার সাপ্তাহিক সরবরাহ 20 শতাংশ বৃদ্ধি করেছে পরের তিন সপ্তাহ ধরে, কিন্তু নিউ ইয়র্কের বিশাল বিতরণ নেটওয়ার্ক এবং যোগ্য ব্যক্তিদের বৃহৎ জনসংখ্যা এখনও ফেডারেল সরকার থেকে আসা সরবরাহের থেকে অনেক বেশি। সীমিত সরবরাহের কারণে, নিউ ইয়র্কবাসীদের ধৈর্য ধরতে উৎসাহিত করা হচ্ছে এবং কোন অ্যাপয়েন্টমেন্ট ছাড়া টিকাকরণ সাইটে উপস্থিত না হওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

টিকাকরণ কর্মসূচীর সংখ্যাগুলি রাজ্যের টিকা কর্মসূচীর জন্য নিউ ইয়র্কে বন্টন এবং বিতরণ করা ডোজের সংখ্যা, এবং ফেডারেল সরকারের দীর্ঘমেয়াদী পরিচর্যার ফেসিলিটির কর্মসূচীর জন্য সংরক্ষিত ডোজ অন্তর্ভুক্ত করে না। তথ্যগুলির বিশদ বিবরণ আজ দুপুর 12.00টা পর্যন্ত নিউ ইয়র্ক রাজ্যে রিপোর্ট করা সংখ্যাগুলির উপর ভিত্তি করে হল নিম্নরূপ:

রাজ্যব্যাপী বিশদ তথ্য

- প্রাপ্ত প্রথম ডোজ - 1,554,450
- প্রদান করা প্রথম ডোজগুলি - 1,414,241; 91%
- প্রাপ্ত দ্বিতীয় ডোজ - 725,050
- প্রদান করা দ্বিতীয় ডোজ - 321,204

অঞ্চল	প্রাপ্ত মোট ডোজ	প্রদান করা মোট ডোজ	মোট ডোজের % যা প্রদান করাপ্রাপ্ত হয়েছে
Capital Region	137,840	115,442	84%
Central New York	108,865	105,776	97%
Finger Lakes	136,255	117,104	86%
Long Island	288,360	213,037	74%
Mid-Hudson	219,420	147,854	67%
Mohawk Valley	59,860	41,529	69%
New York City	1,040,800	766,516	74%
North Country	62,350	44,578	71%
Southern Tier	67,835	53,481	79%
Western New York	157,915	130,128	82%
স্টেটজুড়ে/সমগ্র স্টেটে	2,279,500	1,735,445	76%

	স্বাস্থ্যসেবা বিতরণ সাইটের জন্য নিউ ইয়র্কে 1ম ডোজগুলি সম্পূর্ণরূপে সরবরাহ করা হয়েছে	স্বাস্থ্যসেবা বিতরণ সাইটের জন্য নিউ ইয়র্কে 2য় ডোজগুলি সম্পূর্ণরূপে সরবরাহ করা হয়েছে	মোট	মোট
সপ্তাহ 1: ডোজ আসছে 12/14 – 12/20	90,675	0	90,675	প্রযোজ্য নয়
সপ্তাহ 2: ডোজ	392,025	0	392,025	482,700

আসছে 12/21 – 12/27				
সপ্তাহ 3: ডোজ আসছে 12/28 – 01/03	201,500	0	201,500	684,200
সপ্তাহ 4: ডোজ আসছে 01/04 – 01/10	160,050	90,675	250,725	934,925
সপ্তাহ 5: ডোজ আসছে 01/11 – 01/17	209,400	45,825	255,225	1,190,150
সপ্তাহ 6: ডোজ আসছে 01/18 – 01/24	250,400	428,100	678,500	1,868,650
সপ্তাহ 7: ডোজ আসছে 01/25 – 01/31	250,400	160,450	410,850	2,279,500

আজ পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্য সেবা বিতরণ সাইটগুলি ফেডারেল সরকারের কাছ থেকে পাওয়া প্রথম ডোজের 91 শতাংশ প্রদান করেছে কিন্তু ফেডারেল সরকারের সীমিত বরাদ্দের কারণে, অ্যাপয়েন্টমেন্টগুলি দ্রুত পূরণ হয়েছে। নিউ ইয়র্কবাসীরা যোগ্যতা নির্ধারণ করতে এবং একটি রাজ্য পরিচালিত গণ টিকাকরণ সাইটে একটি সাক্ষাৎকারের সময়সূচী নির্ধারণ করতে, 'আমি কি যোগ্য' ওয়েবসাইটে যান। নিউ ইয়র্কবাসীরা অতিরিক্ত তথ্যের জন্য এবং অ্যাপয়েন্টমেন্ট নেওয়ার জন্য অনুগ্রহ করে আপনার স্থানীয় স্বাস্থ্য বিভাগ, ফার্মেসি, ডাক্তার বা হাসপাতালে কল করুন যেখানে টিকা উপলভ্য আছে।

COVID-19 টীকা ট্র্যাকার ড্যাশবোর্ড COVID-19 টীকা বিতরণ সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ প্রদানের জন্য উপলব্ধ। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেল্থ (New York State Department of Health) 24 ঘন্টার মধ্যে সকল COVID-19 টিকা প্রদানের তথ্য রিপোর্ট করা বাধ্যতামূলক করে টিকাকরণ ফেসিলিটিগুলির জন্য; রাজ্যের টিকাকরণ প্রচেষ্টার সব চেয়ে হালনাগাদকৃত মেট্রিকস প্রতিফলিত করতে ড্যাশবোর্ডে টিকা দানের তথ্য প্রতিদিন আপডেট করা হয়।

যে নিউ ইয়র্কবাসীরা টিকা বিতরণ প্রক্রিয়ায় জালিয়াতি সন্দেহ করেন তারা এখন 833-VAX-SCAM (833-829-7226) বিনামাশুলের নম্বরে অথবা STOPVAXFRAUD@health.ny.gov এ রাজ্যের স্বাস্থ্য বিভাগকে ইমেইল করতে পারেন। হটলাইন কর্মীরা যথাযথ তদন্তকারী সংস্থার কাছে অভিযোগ পাঠাবে যাতে নিউ ইয়র্কবাসীদের যাতে ঠকানো না হয় তা নিশ্চিত করা যায় যখন রাজ্য সম্পূর্ণ যোগ্য জনসংখ্যাকে টিকা দেওয়ার জন্য কাজ করে।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন